



# UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

## ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ১৪ জুন ২০১৫

প্রেস বিজ্ঞপ্তি

লংগদুতে ইউপিডিএফের ৩ কর্মীকে হত্যার প্রতিবাদে হৃদুকছড়িতে বিক্ষোভ

### রাঙামাটি জেলায় মঙ্গলবার অর্ধদিবস সড়ক অবরোধ কর্মসূচি ঘোষণা

রাঙামাটি জেলার লংগদু উপজেলার ভেইবোনছড়ায় আজ ১৪ জুন ২০১৫, রবিবার সকালে জেএসএস সন্ত্রাস গ্রুপের সশস্ত্র সন্ত্রাসী কর্তৃক ইউপিডিএফের তিন কর্মীকে গুলি করে হত্যার প্রতিবাদে তাৎক্ষণিকভাবে রাঙামাটি সদর উপজেলার হৃদুকছড়িতে বিক্ষোভ মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

সমাবেশ থেকে ইউপিডিএফের তিন কর্মীকে হত্যার প্রতিবাদে ও হত্যাকারীদের গ্রেফতারের দাবিতে আগামী ১৬ জুন মঙ্গলবার রাঙামাটি জেলায় অর্ধদিবস সড়ক ও নৌপথ অবরোধ কর্মসূচি ঘোষণা করা হয়েছে।

রবিবার (১৪ জুন) দুপুর ১টায় বড় মহাপুরম উচ্চ বিদ্যালয় ফটক থেকে মিছিলটি শুরু হয়ে হৃদুকছড়ি বাজার প্রদক্ষিণ করে ইউপিডিএফ জেলা কার্যালয়ের সামনে রাংগামাটি-খাগড়াছড়ি সড়কে প্রতিবাদ সমাবেশে মিলিত হয়। এতে বক্তব্য রাখেন পাহাড়ি ছাত্র পরিষদের রাংগামাটি জেলা শাখার সভাপতি বাবলু চাকমা ও সাধারণ সম্পাদক অনিল চাকমা প্রমুখ।

সমাবেশে বক্তারা অভিযোগ করে বলেন, সন্ত্রাস লারমা চুক্তি বাস্তবায়নের জন্য অসহযোগ আন্দোলনের ডাক দিয়েছেন কিন্তু তা না করে উল্টো তিনি ইউপিডিএফ কর্মী হত্যার মিশন চালিয়ে শাসকগোষ্ঠীর হয়ে কাজ করছেন। পার্বত্য চট্টগ্রামে সেনা শাসন, নারী ধর্ষণ, ভূমি বেদখল ও ধরপাকড়ের মত মানবাধিবার লঙ্ঘনের প্রতিবাদ না করে ইউপিডিএফের নেতা-কর্মী হত্যায় মেতে উঠেছেন। আন্দোলনের নামে ভাওতাবাজি করে জুম্মা ধ্বংসের খেলায় মেতে উঠেছেন।

বক্তারা যুদ্ধমনি, রূপময়, সুমন চাকমাকে গুলি করে হত্যার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়ে সন্ত্রাস লারমার সশস্ত্র সন্ত্রাসীদের গ্রেফতারের দাবি জানান। তারা সন্ত্রাস লারমাকে হুশিয়ার করে বলেন, আরো যদি কোন ইউপিডিএফ কর্মী, সমর্থকের কিছু হয় তাহলে তার ফল শুভ হবে না।

বক্তারা সন্ত্রাস লারমাকে ভ্রাতীঘাতি সংঘাত পরিহার করে জনগনের মুক্তির জন্য অধিকারে প্রতিষ্ঠার সংগ্রামে যোগ দিতে আহ্বান জানান।

সমাবেশ থেকে ইউপিডিএফের তিন কর্মীকে গুলি করে হত্যার প্রতিবাদে এবং হত্যাকারীদের শ্রেফতারের দাবিতে আগামী ১৬ জুন মঙ্গলবার রাংগামাটি জেলায় অর্ধদিবস সড়ক ও নৌপথ অবরোধের ডাক দেয়া হয়। উক্ত অবরোধ কর্মসূচিতে সহযোগীতা করতে সকল প্রকার যানবাহন মালিক সমিতি ও চালক সমিতিকে অনুরোধ করা হয়েছে।

এছাড়া উক্ত ঘটনার প্রতিবাদে নান্যাচর ও কাউখালী উপজেলায়ও বিক্ষোভ মিছিল-সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

বার্তা প্রেরক

সচল চাকমা

সংগঠক

ইউপিডিএফ

রাঙামাটি জেলা ইউনিট।